রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ৮, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৫.২৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় বেতন কমিশন, ২০২৫, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫ এবং সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫-এর দাখিলকৃত প্রতিবেদনসমূহের বেতন সম্পর্কিত বিষয়াদি পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী কার্যক্রম সংক্রান্ত সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপে **'জাতীয় বেতন কমিশন, ২০২৫, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫ এবং সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫-এর প্রতিবেদন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি'** গঠন করেছে:

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | আহ্বায়ক |
| (২) | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৫) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | : | সদস্য |
| (৬) | সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (৭) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| (৮) | সচিব, আইন ও বিচার বিভাগ, আইন | : | সদস্য |
| (৯) | হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা | : | সদস্য। |

১.২। **কমিটির কার্যপরিধি:**

(১) কমিটি জাতীয় বেতন কমিশন, ২০২৫; বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫ এবং সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫-এর দাখিলকৃত প্রতিবেদনসমূহের বেতন সম্পর্কিত বিষয়াদি পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী কার্যক্রম সংক্রান্ত সুপারিশ প্রণয়ন করিবে;

(২) কমিটি যথাসময়ে সরকারের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

১.৩। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd